“জান্নাতে একটি বাজার হবে, যেখানে জান্নাতীগণ প্রত্যেক শুক্রবার আসবে

আনাস ইবনু মালিক রাদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: “জান্নাতে একটি বাজার হবে, যেখানে জান্নাতীগণ প্রত্যেক
শুক্রবার আসবে। তখন উত্তর দিক থেকে বায়ু প্রবাহিত হবে, যা তাদের চেহারায় ও কাপড়ে
সুগন্ধ ছড়িয়ে দেবে। ফলে তাদের শোভা-সৌন্দর্য আরো বেড়ে যাবে। অতঃপর তারা রূপ-সৌন্দর্যের বৃদ্ধি নিয়ে তাদের স্ত্রীগণের কাছে ফিরবে। তখন তাদের পরিবারের লোকেরা তাদেরকে দেখে বলবে, ‘আল্লাহর কসম! আপনাদের রূপ-সৌন্দর্য বেড়ে গেছে!’ তারাও বলে উঠবে, ‘আল্লাহর শপথ! আমাদের যাবার পর তোমাদেরও রূপ-সৌন্দর্য বেড়ে গেছে!”
[সহীহ] [ইমাম মুসলিম এটি বর্ণনা করেছেন]

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন যে, জান্নাতে এমন একটি জায়গা আছে যেখানে তারা মিলিত হবে, সেখানে কোন ক্রয়-বিক্রয় থাকবে না যেখান থেকে তারা যা ইচ্ছা তাই নেবে। তারা প্রতি সাত দিন অন্তর সেখানে আসবে এবং উত্তরের বাতাস বইবে আর তাদের মুখমণ্ডল এবং পোশাক দুলিয়ে দেবে, ফলে তাদের সৌন্দর্য ও শ্রী বৃদ্ধি পাবে। তারা শ্রী ও সৌন্দর্যে বর্ধিত হয়ে তাদের পরিবারের কাছে ফিরে আসবে এবং তাদের পরিবার তাদের বলবে: আল্লাহর কসম, আমরা চলে যাওয়ার পর তোমরা শ্রী ও সৌন্দর্যে বর্ধিত হয়েছ। তারা বলবে: আর আল্লাহর কসম, আমরা চলে যাওয়ার পর তোমরা শ্রী ও সৌন্দর্যে বৃদ্ধি পেয়েছ।

https://www.sunnah.global/hadeeth/bn/show/8353